

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা



মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- কুমেকহা/শা-১/২০২১/-

তারিখঃ

জ্যেষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
মে, ২০২১ খ্রিষ্টাব্দ

“ বিজ্ঞপ্তি ”

কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে আগামী ১লা জুলাই/২০২১ খ্রিঃ হইতে ৩১ শে ডিসেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত ৬(ছয়) মাসের জন্য চিকিৎসা শাস্ত্রের এম.বি.বি.এস পাশকৃত বেসরকারী চিকিৎসকদের অবৈতনিক স্নাতকোত্তর প্রশিক্ষণে মনোনয়নের জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল হইতে স্থায়ী/অস্থায়ী রেজিস্ট্রেশন প্রাপ্ত চিকিৎসকদের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত স্বাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাইতেছে। আবেদন ফরম নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হইতে ১০০/- (একশত) টাকার মূল্যের (অফেরৎযোগ্য) বিনিময়ে সংগ্রহ পূর্বক আবেদন পত্র আগামী ০১/০৬/২০২১ খ্রিঃ তারিখ হইতে ১৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ ঘটিকা হইতে ২.৩০ ঘটিকা পর্যন্ত) অত্র কার্যালয়ে জমা দিতে হইবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন পত্র জমা নেওয়া হইবে না। প্রশিক্ষনার্থী ডাক্তারগণকে যে বিভাগে/ইউনিটে প্রশিক্ষণ দিতে ইচ্ছুক তাহাদিগকে সংশ্লিষ্ট বিভাগে বিভাগীয় প্রধান/ইউনিট প্রধানের সুপারিশসহ আবেদন পত্র নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করিতে হইবে। সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান/ইউনিট প্রধানের সুপারিশ ব্যতিরেকে কোন আবেদন পত্র গ্রহন করা হইবে না।

শর্তাবলী

- ১। আবেদন পত্রের সহিত ১ম শ্রেণী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (ক) এস,এস,সি সনদ (খ) এম,বি,বি,এস পাশের সনদ (গ) ইন্টার্নশীপ প্রশিক্ষণ সমাপ্তির সার্টিফিকেট (ঘ) বি,এম,ডি,সি,রেজিস্ট্রেশন (ঙ) জীবন বৃত্তান্ত (চ) পাসপোর্ট সাইজের ২ কপি ছবি এবং অন্য কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকিলে সেই প্রতিষ্ঠান প্রধানের অনুমতি পত্র দাখিল করিতে হইবে।
- ২। বেসরকারী চিকিৎসকদের এককালীন ৬(ছয়) মাসের জন্য প্রশিক্ষণে নিয়োগ করা হইবে। প্রশিক্ষণ সন্তোষজনক হইলে আবেদনের প্রেক্ষিতে পুনরায় ৬(ছয়) মাসের জন্য প্রশিক্ষণে নিয়োগ করা হইবে।
- ৩। বেসরকারী চিকিৎসকদের আবেদন পত্রের সহিত পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালের অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকায় ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য) দাখিল করিতে হইবে। তবে প্রশিক্ষণ চলাকালীন সময়ে কেহ অনুপস্থিত থাকিলে প্রতি অনুপস্থিত দিনের জন্য ২০/- (বিশ) টাকা হারে জরিমানা আদায় করা হইবে। নির্বাচিত চিকিৎসকগণ নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করিতে না পারিলে/প্রশিক্ষণ ৬(ছয়) মাস পূর্ণ না হইলে/প্রশিক্ষণ সমাপ্তির ১(এক) মাসের মধ্যে সনদসহ টাকা উত্তোলন না করিলে, দাখিলকৃত ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট ফেরৎ যোগ্য হইবে না।
- ৪। প্রতি ইউনিটে একসাথে ৪(চার) জনের বেশী প্রশিক্ষনার্থী নেওয়া হইবে না।
- ৫। প্রশিক্ষণ সার্বক্ষণিক হইবে, প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষনার্থীগণ কোন রোগীকে ইনজুরী সার্টিফিকেট এবং ডিসচার্জ সার্টিফিকেট ইস্যু করিতে পারিবেন না।
- ৬। যে সকল বেসরকারী চিকিৎসক বর্তমানে প্রশিক্ষণে আছেন তাহাদের মধ্যে কেহ পরবর্তী ৬(ছয়) মাসের জন্য প্রশিক্ষণে অগ্রহী হন তাহা হইলে পুনরায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/ইউনিট প্রধানের সুপারিশক্রমে আবেদন পত্র নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করিতে হইবে। তবে প্রশিক্ষণ ২(দুই) বৎসরের অধিক করা যাইবে না।
- ৭। প্রশিক্ষণ গ্রহনকালীন সময়ে অন্য কোথায় চাকুরী করিতে পারিবেন না। বাহিরে চাকুরী করেন প্রমানিত হইলে প্রশিক্ষণের অনুমোদন সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৮। প্রশিক্ষণ সংশ্লিষ্ট অধ্যাপক/সহযোগী অধ্যাপক প্রশিক্ষনার্থীদেরকে প্রশিক্ষণ সন্তোষজনক হইলে সনদ পত্র প্রদান করিবেন এবং অত্র হাসপাতালের পরিচালক প্রতিস্বাক্ষর করিবেন।
- ৯। আগামী-২৩/০৬/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকার সময় অত্র হাসপাতালের সভা কক্ষে সাক্ষাৎকার অনুষ্ঠিত হইবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীগণকে ১নং অনুচ্ছেদ বর্ণিত সনদ পত্রের মূলকপি সংক্ষে আনিতে হইবে।
- ১০। সাক্ষাৎকারের জন্য আলাদা ভাবে কোন কার্ড ইস্যু করা হইবে না। উক্ত সাক্ষাৎকারের জন্য কোন যাতায়াত ভাতা দৈনিক ভাতা দেওয়া হইবে না এবং মনোনীত চিকিৎসক নিজ দায়িত্বে বাসস্থানের ব্যবস্থা করিবেন।

১৪
(ডাঃ মোঃ মহিউদ্দিন)
পরিচালক

কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল
কুমিল্লা।

তারিখঃ জ্যেষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
মে, ২০২১ খ্রিষ্টাব্দ

স্মারক নং- কুমেকহা/শা-১/২০২১/-

১৭ ৫৬/৫০

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :-

- ১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ :- সিনিয়র সহকারী সচিব (চিশিজ)।
- ২। মহাপরিচালক (স্বাস্থ্য সেবা বিভাগ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ :- সহকারী পরিচালক (সমস্বয়)।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ :- পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন)।
- ৪। পরিচালক/অধ্যক্ষ....., মেডিকেল কলেজ হাসপাতাল।
- ৫। অধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ৬। অধ্যক্ষ, সেন্ট্রাল মেডিকেল কলেজ/ইস্টার্ন মেডিকেল কলেজ/ময়নামতি মেডিকেল কলেজ, কুমিল্লা।
- ৭। বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান....., কুমিল্লা মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা।
- ৮। সিভিল সার্জন, কুমিল্লা।
- ৯। সহকারী পরিচালক, অত্র হাসপাতাল।
- ১০। আবাসিক চিকিৎসক/আবাসিক সার্জন, অত্র হাসপাতাল।
- ১১। নোর্টিশ বোর্ড, অত্র হাসপাতাল।

১২। দপ্তর নথি।

১৭ ৫৫/২১
উপপরিচালক

কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল
কুমিল্লা